দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 22 APR 2017 ...
পৃষ্ঠা ৩-৪ ... কলাম ৭ ...

# কলেজ উপাধ্যক্ষ নিয়োগ পরীক্ষার ফল স্থগিত

## রাজশাহীতে হুমকি

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহীতে যুবলীগের নামে দুর্বৃত্তদের হুমকিতে পুঠিয়া উপজেলার বেলপুকুর আইডিয়াল কলেজের উপাধ্যক্ষ নিয়োগ পরীক্ষার ফল স্থগিত করে দিয়েছে নিয়োগ বোর্ড। শুক্রবার সকালে রাজশাহী নগরীর নিউ গভ: ডিগ্রী কলেজে এই নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। তবে দুপুর ১২টার দিকে কয়েক যুবক গিয়ে নিজেদের যুবলীগ নেতা পরিচয় দিয়ে পরীক্ষা বন্ধ করার হুমকি দেয়। এ সময় তারা মোটা অংকের বিনিময়ে জামায়াতপন্থী শিক্ষককে নিয়োগ দেয়ার প্রক্রিয়া চলছে বলে অভিযোগ তুলে পরীক্ষা বন্ধ করে সবাইকে বের হয়ে যেতে বলেন।

এদিকে নিয়োগ পরীক্ষার প্রক্রিয়ার স্বচ্ছতা নিয়েও প্রশ্ন তুলেছেন আবেদনকারীরা। তাদের অভিযোগ, দুইবার পরীক্ষার তারিখ পেছানো হয়েছে। কিন্তু তৃতীয়বার পরীক্ষ গ্রহণের তারিখ নির্ধারণ করা হলেও কাউকে চিঠি দেয়া হয়নি। মোটা অংকের অর্থের বিনিময়ে বিশেষ কাউকে নিয়োগ দেয়ার জন্য দুইবার পরীক্ষার তারিখ পেছানো হয়েছে বলে অভিযোগ তুলেছেন জাফর ইকবাল নামের এক আবেদনকারী। তিনি ওই কলেজের শিক্ষক।

তবে তার এ অভিযোগ অস্বীকার করেছেন নিয়োগ বোর্ডের (শিক্ষা অধিদফতরের. মহাপরিচালকের) প্রতিনিধি ও নিউ ডিগ্রী কলেজের অধ্যক্ষ জার্জিস কাদির। তিনি বলেন, বিধি অনুযায়ী নিয়োগ পরীক্ষা আহ্বান করা হয়। শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে পরীক্ষা শুরু হয়েছিল। এতে আবেদনকারী ছিলেন নয়জন। চারজনের মৌখিক পরীক্ষা নেয়া সম্পন্ন হয়। পঞ্চমজনের পরীক্ষা চলাকালে কয়েক যুবক তার কক্ষে প্রবেশ করে পরীক্ষা বন্ধ করতে বলেন। এ সময় একজন রাজশাহী নগরের ৩ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি পরিচয় দিয়ে পরীক্ষা বন্ধে করে সবাইকে বের হয়ে যাওয়ার হুমকি দেয়। এ সময় পরীক্ষা বন্ধ রাখা হলেও পরিবর্তিতে বাকিদের পরীক্ষা সম্পন্ন করা হয় বলে দাবি করেন অধ্যক্ষ জার্জিস কাদির।

তিনি আরও বলেন, নয়জনের মধ্যে সাতজনের পরীক্ষ নেয়া হয়েছে। বাকি দুইজনের মধ্যে একজন লিখিত পরীক্ষায় অকৃতকার্য হয়েছেন। আর অপরজন উপস্থিত হননি। অধ্যক্ষ জার্জিস কাদির বলেন, পরীক্ষা চলাকালে বাধা দেয়ার বিষয়টি স্থানীয় সংসদ সদস্য আব্দুল ওয়াদুদ দারাকে জানানো হয়। তার পরামর্শে পরীক্ষার ফলাফল স্থগিত করা হয়। পরে ফল প্রকাশ করা হবে বলে জানান জার্জিস কাদির।

নিয়োগ বোর্ডের (জাতীয় বিশ্ববিদ্যালয়ের) অপর প্রতিনিধি ও রাবির ইতিহাস বিভাগের শিক্ষক মাহাবুবর রহমান বলেন, কয়েক যুবক নিজেদের যুবলীগের নেতাকর্মী পরিচয় দিয়ে নিয়োগ পরীক্ষায় বাধা দেয়ার চেষ্টা করে। কিন্তু পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। আর এমপি পরামর্শে ফলা স্থগিত রাখা হয়েছে। এ ব্যাপারে যুবলীগের কোন বক্তব্য পাওয়া যায়নি। তবে নাম প্রকাশ না কারার শর্তে স্থানীয় যুবলীগের এক কর্মী জানান, মোটা অংকের টাকার বিনিময়ে জামায়াতপন্থী শিক্ষককে উপাধ্যক্ষ হিসেবে নিয়োগ দেয়ার প্রক্রিয়া চলছিল এমন খবর পেয়ে যুবলীগের নেতাকর্মীরা পরীক্ষায় বাধা দেয়।

এদিকে, নিয়োগ বোর্ডের পরীক্ষা গ্রহণের প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছেন এক আবেদনকারী। বোর্ডের অস্বচ্ছ প্রক্রিয়ার কারণে পরীক্ষায় অংশ নিতে পারেনি বলে দাবি করেছেন জাফর ইকবাল নামের ওই আবেদনকারী। তিনি ওই কলেজের শিক্ষক।